১. সংশ্লিষ্ট বিভাগীয় চেয়ারম্যানগণ
২. আহবায়ক, পরীক্ষা কমিটি

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নম্বর: ৪৭০/উ:মা:৯১(অংশ-১)/৮৪০ তারিখ : ১৭/০৮/২০২১

বিষয়: ২০২১ সালের এসএসসি/সমমান এবং এইচএসসি/ সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ব্যাবহারিক খাতা জমাদান সংক্রান্ত নির্দেশিকা।

সূত্র: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নং ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/১২৩১, তারিখ ১২/০৮/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড ১৯ অতিমারির কারণে ২০২১ সালের এসএসসি/সমমান এবং এইচএসসি/ সমমানের পরীক্ষার পাঠ্যসূচী পুনর্বিন্যাস করা হয়েছে। যে সব বিষয়ে ব্যাবহারিক আছে সে সব বিষয়ে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে কি কি ব্যাবহারিক করতে হবে তাও উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/ সমমান পরীক্ষার্থীদের শুধু নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু নৈর্বাচনিক বিষয়ের ব্যাবহারিকের খাতা (নোট বুক) জমা নেওয়া প্রয়োজন।

এসএসসি/সমমান পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের সংক্ষিপ্ত পাঠ্যসূচিতে উল্লেখিত ব্যাবহারিকের যে কোন ০২ (দুই)টি ব্যাবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরী করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে। একইভাবে এইচএসসি/সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক বিষয়ের প্রতিটির (যে গুলোতে ব্যাবহারিক আছে) প্রতি পত্রের জন্য সংক্ষিপ্ত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যাবহারিকের দু'টি করে ব্যাবহরিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে জমা দিবে।

ইতোমধ্যে যদি কোন শিক্ষার্থী ২০২১ সালের সংক্ষিপ্ত পাঠ্যসূচির আলোকে প্রতিপত্রে দুটির বেশী ব্যাবহারিক কার্যক্রম সম্পন্ন করে থাকে তাহলেও শিক্ষার্থী ঐ ব্যাবহারিক খাতা/নোট বুক জমা দিতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

১৭/৮/২১

প্রফেসর এস. এম. আমিরুল ইসলাম
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৯৬৬৯৮১৫

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.nctb.gov.bd

স্মারক নং: ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪২.১৯/৯২৬৯ — তারিখ: ২৭ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ / ১২ আগস্ট, ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২১ সালের এসএসসি/সমমানের এবং এইচএসসি/সমমানের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের ব্যাবহারিক খাতা জমাদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড ১৯ অতিমারির কারণে ইতোমধ্যে ২০২১ সালের এসএসসি/সমমানের এবং এইচএসসি/সমমানের পরীক্ষার পাঠ্যসূচি পুনর্বিন্যাস করা হয়েছে। যেসব বিষয়ে ব্যাবহারিক আছে সেসব বিষয়ে পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে কী কী ব্যাবহারিক করতে হবে তাও উল্লেখ করা আছে। যেহেতু কোভিড পরিস্থিতির কারণে ২০২১ সালের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার্থীদের শুধুমাত্র নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে, সেহেতু যেসব নৈর্বাচনিক বিষয়ের ব্যাবহারিক আছে সেসব নৈর্বাচনিক বিষয়ের ব্যাবহারিকের খাতা (নোট বুক) জমা নেওয়া প্রয়োজন।

এসএসসি/সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক প্রত্যেক বিষয়ের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যাবহারিকের যেকোনো দু'টি ব্যাবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে স্ব স্ব প্রতিষ্ঠানে জমা দিবে। একইভাবে এইচএসসি/সমমানের পরীক্ষার্থীরা তার নৈর্বাচনিক বিষয়ের প্রতিটির (যেগুলোতে ব্যাবহারিক আছে) প্রতি পত্রের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচিতে উল্লিখিত ব্যাবহারিকের দু'টি করে ব্যাবহারিক কার্যক্রমের খাতা (নোট বুক) তৈরি করে জমা দিতে হবে।

এই বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে সনির্বন্ধ অনুরোধ জানানো হলো।

১২.০৮.২১
(প্রফেসর নারায়ন চন্দ্র সাহা)
চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ।
ফোন: ৯৫৬৫৪৩২

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ

অনুলিপি:

১-৮। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
(ঢাকা,যশোর,কুমিল্লা,রাজশাহী,বরিশাল,সিলেট,চট্টগ্রাম,দিনাজপুর)
০৯। সদস্য শিক্ষাক্রম
১০। একান্ত সচিব, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ
১১। পিএ টু চেয়ারম্যান, এনসিটিবি
১২। সংরক্ষণ নথি।